

## তথ্য অধিকার আইন বাস্তবায়নে বেবিচক অঙ্গীকারবদ্ধ : চেয়ারম্যান

- A Monitor Desk Report

Date: 30 April, 2025



ঢাকাঃ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ভূঁইয়া বলেছেন, তথ্য অধিকার আইন-২০০৯ প্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং জনগণের অংশগ্রহণ নিশ্চিত করতে সহায়ক। বেবিচক তথ্য অধিকার আইন বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ।

মঙ্গলবার (২৯ এপ্রিল) রাজধানীর কুর্মিটোলায় বেবিচক কার্যালয়ে তথ্য অধিকারবিষয়ক দিনব্যাপী এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

এয়ার ভাইস মার্শাল ভূঁইয়া বলেন, রাষ্ট্রীয় নিরাপত্তা বিঘ্নিত হয়, এমন সংবাদ পরিবেশন থেকে বিরত থাকতে হবে। সবার আগে দেশ। এই মনোভাবেই আমাদের কাজ করতে হবে।

তিনি বলেন, ‘সংবাদ মাধ্যম রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ। বর্তমানে সংবাদে অবাধ প্রবাহ রয়েছে। আর এ কারণে জবাবদিহি নিশ্চিত হচ্ছে। জবাবদিহি নিশ্চিতের ফলে সুশাসন প্রতিষ্ঠা হচ্ছে।’

বেবিচক চেয়ারম্যান বলেন, সিলেট বিমানবন্দর থেকে কার্গো পরিবহন শুরু করেছি। অচিরেই চট্টগ্রাম বিমানবন্দর দিয়েও কার্গো পরিবহন শুরু হবে। এ ছাড়া জুন মাসের মধ্যেই কক্সবাজার থেকে আন্তর্জাতিক রুটে বিমান চলাচল শুরু করার লক্ষ্যে কাজ চলছে।

কর্মশালায় বেবিচকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী ছাড়াও এভিয়েশন সেক্টর নিয়ে কাজ করা সাংবাদিকরা অংশ নেন। আলোচনায় বক্তারা তথ্য অধিকার আইনের সঠিক প্রয়োগ, তথ্যপ্রাপ্তির পদ্ধতি এবং দায়িত্বশীল দৃষ্টিভঙ্গি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

এ ধরনের কর্মশালা জনসচেতনতা বৃদ্ধির পাশাপাশি সরকারি সেবায় দক্ষতা ও জবাবদিহি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেন অংশগ্রহণকারীরা।

